

দৈনিক সংবাদ

তারিখ
পৃষ্ঠা

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ফাইনাল পরীক্ষা আজ শুরু

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ফাইনাল পরীক্ষা আজ সোমবার থেকে দেশের ২০টি পলিটেকনিক ইনস্টিটিউট কেন্দ্রে একযোগে শুরু হবে। ১০টি টেকনোলজিতে প্রায় ২০ হাজার পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির সভাপতি মো. সাখাওয়াত হোসেন মোস্তা ও সাধারণ সম্পাদক মো. শামসুর রহমান এক বিবৃতিতে পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।